The Bangladesh Monitor - A Premier Travel Publication

যুক্তরাষ্ট্রে কার্গো উড়োজাহাজ বিধ্বস্ত, ২ জনের মৃত্যুর শঙ্কা

- A Monitor Desk Report Date: 24 April, 2024

যুক্তরাষ্ট্র: যুক্তরাষ্ট্রের সুদূর উত্তরে একটি কার্গো উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। এতে দুজন মারা গেছে বলে আশঙ্কা প্রকাশ করেছেন আলাস্কার সেনা সদস্যরা। আন্তর্জাতিক গণমাধ্যমের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

ডগলাস ডিসি-৪ নামের ওই কার্গো উড়োজাহাজটি মঙ্গলবার (২৩ এপ্রিল) ফেয়ারব্যাঙ্কস আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়নের কিছু সময় পরই বিধ্বস্ত হয়েছে বলে জানা যায়।

আলাস্কা অঙ্গরাজ্যের সেনাবাহিনী জানিয়েছে, উড়োজাহাজটি স্থানীয় সময় মঙ্গলবার সকাল ১০টার কিছুক্ষণ আগে উড্ডয়ন করে এবং এর কিছুক্ষণ পরেই তানানা নদীর কাছে বিধ্বস্ত হয়।

ওই অঙ্গরাজ্যের জননিরাপত্তা বিভাগ জানিয়েছে, উড়োজাহাজটি বিমানবন্দর থেকে প্রায় সাত মাইল দূরে বিধ্বস্ত হয়। এটি নদীর তীরে একটি খাড়া পাহাড়ের ওপর বিধ্বস্ত হওয়ার পর আগুন ধরে যায়।

ওই দুর্ঘটনায় কারও বেঁচে থাকার সম্ভাবনা নেই বলে জানানো হয়েছে। সামাজিক মাধ্যমে দুর্ঘটনার বেশ কিছু ছবি পাওয়া গেছে যেখানে দেখা গেছে বেশ কিছু গাছে আগুন ধরে গেছে। তবে এসব ছবি যাচাই করা সম্ভব হয়নি।

কী কারণে ওই দুর্ঘটনা ঘটেছে তাও এখনো নিশ্চিত হওয়া যায়নি। তবে দ্য ফেডারেল এভিয়েশন অথরিটি (এফএএ) জানিয়েছে, তারা এই ঘটনার তদন্ত করবে।

উড়োজাহাজটি আলাস্কা এয়ার ফুয়েল দ্বারা পার্ট ৯১ জ্বালানী পরিবহন ফ্লাইট হিসাবে পরিচালিত হয়েছিল।

একজন মুখপাত্র গণমাধ্যমকে বলেছেন, এনটিএসবি তদন্তকারীরা ঘটনাস্থলের দিকে যাচ্ছে এবং শীঘ্রই তারা সেখানে পৌঁছাবে বলে আশা করা

হচ্ছে।

তিনি জানান, ঘটনাস্থল ও সাইটটি নথিভুক্ত করে এবং উড়োজাহাজটি পরীক্ষা করার পর তারা সব প্রক্রিয়া শুরু করবে। সেই কাজ শেষ হলে, উড়োজাহাজটিকে আরও মূল্যায়নের জন্য একটি নিরাপদ ও সুবিধাজনক স্থানে পুনরুদ্ধার করা হবে।

মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ডগলাস ডিসি-৪ মডেলের উড়োজাহাজটি নির্মাণ করা হয়। বিশ্বে এ ধরনের অল্প কিছু উড়োজাহাজ রয়েছে।

-B